

৩৭২
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

শ্রীনগর, কাশ্মীর
৩০ সেপ্টেম্বর, ১৮৯৭

অভিনন্দয়েষু,

গোপাল-দাদার এক পত্রে অবগত হইলাম যে, তোমরা কোন্নগরে জমি দেখিয়া আসিয়াছ। জমি নাকি ষোল বিঘা নিষ্কর এবং দাম আট-দশ হাজারের কম। স্বাস্থ্য ইত্যাদি সকল বিবেচনা করিয়া যেমন ভাল হয় করিবে। আমি দু-এক দিনের মধ্যে পাঞ্জাব চলিলাম। আতের এ জ্ঞানে চিঠিপত্র আর লিখিনও না। Next (পরবর্তী) ঠিকানা আমি 'তার' করিব। হরিপ্রসন্নকে পাঠাইবার কথা যেন ভুলো না। গোপাল-দাদাকে বলিবে যে, 'তাহার শরীর শীঘ্রই ভাল হইয়া যাইবে -- শীত আসছে, ভয় কি? -- খুব খাও দাও, মৌজ উড়াও।' যোগেনের শরীর কেমন থাকে তদ্বিষয়ে মিসেস সি. সেভিয়ার, স্প্রিং ডেল, মরী, ঠিকানায় এক চিঠি লিখিবে এবং তাহার উপর To wait arrival (না আসা পর্যন্ত অপেক্ষা করিবে) লিখিয়া দিও। সকলকে ভালবাসা আশীর্বাদ ইত্যাদি দিও। কিমধিকমিতি

বিবেকানন্দ

পুঃ -- খেতড়ির রাজা ১০ অক্টোবর বোম্বাই আসিবে, Address (অভিনন্দন)-টা ভুলিও না।